


মুখবন্ধ

‘বার্ষিক প্রতিবেদন’ অর্থ বিভাগের একটি নিয়মিত বার্ষিক প্রকাশনা। সরকারের রাজস্ব নীতি, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত নীতি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত এ বিভাগের কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে অবহিত করার লক্ষ্যে ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হলো। এ প্রকাশনাটিতে অর্থ বিভাগের সকল অনুবিভাগ, মনিটরিং সেল, ‘মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক’ এর কার্যালয় এবং ‘হিসাব মহা নিয়ন্ত্রক’ এর কার্যালয়ের উল্লেখযোগ্য কার্যক্রম ও অর্জনসমূহ তুলে ধরা হয়েছে। এতে অর্থ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের এবং রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন কর্মসূচিসমূহের সংক্ষিপ্ত বিবরণ অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া, কোভিড-১৯ মোকাবেলা ও অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য প্রণোদনা প্যাকেজ ও বরাদ্দের তথ্যসহ এ বছরের বাজেট হাইলাইটস প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

অর্থ বিভাগ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগসমূহের সার্বিক সহযোগিতায় প্রতি অর্থবছরের জাতীয় বাজেট প্রণয়ন, সামষ্টিক অর্থনীতির গতি-প্রকৃতির ধারাবাহিক পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং অর্থনীতির খাতসমূহে সম্পদের যথাযথ বন্টনসহ প্রাপ্ত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের জন্য আর্থিক নীতি ও অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান প্রণয়ন এবং প্রয়োজনীয় আর্থিক সংস্কার কার্যক্রম সম্পন্ন করে থাকে। এছাড়া, সরকারের বিভিন্ন স্বায়ত্তশাসিত ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের বাজেট এবং আর্থিক বিধিমালা প্রণয়ন এবং সরকারি ব্যয় ব্যবস্থাপনা বিষয়ক যাবতীয় কার্যাবলীও অর্থ বিভাগ সম্পাদন করে থাকে।

অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন, সম্পাদন ও প্রকাশনার সাথে সংশ্লিষ্ট। ধৈর্য ও নিষ্ঠার সাথে যথাসময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশনার কাজটি সম্পন্ন করায় অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া, বার্ষিক প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য/উপাত্তসমূহ সরবরাহ করে যারা সহায়তা করেছেন তাঁদের সকলের প্রতি আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছি।



আব্দুর রউফ তালুকদার
সিনিয়র সচিব
অর্থ বিভাগ